জাতীয় সংসদের একাদশ অধিবেশন শুরু

একাদশ জাতীয় সংসদের একাদশ ও ২০২১ সালের প্রথম অধিবেশন সকাল ১০টা ৪০ মিনিটে পুনরায় শুরু হয়েছে।

মঙ্গলবার জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে একটি বিল উত্থাপনের পরে শুরু হয়েছে রাষ্ট্রপতির ভাষণের উপর আলোচনা।

এর আগে শীতকালীন অধিবেশন শুরু হয় চলতি বছরের ১৮ জানুয়ারি।

ফিরোজা আবার হাঁটতে চায়, সাহায্যের আবেদন

মানুষ মানুষের জন্য, একটু সহানুভূতি কি পেতে পারে না ফিরোজা, আসুন আমরা সবাই মিলে একজন অসহায় নারীর জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিই।

ঝিনাইদহ পৌরসভার ৮ নং ওয়ার্ডের বাসিন্দা খাজুরা গ্রামের দিন মজুর শাহিন এর স্ত্রী একটি দুর্ঘটনায় তার পায়ে চরম ভাবে আঘাত পেয়ে ডান পা ভেঙ্গে যায়। উন্নত চিকিৎসা না হওয়ার কারণে ইনফেকশন হয়ে গেছে।

তার আরো কিছু রোগ আছে যেমন- ডায়াবেটিস, কিডনিজনিত সমস্যা, হার্টের সমস্যা, তিনি বর্তমানে ঝিনাইদহ সদর হাসপাতালে অর্থোঃ সার্জারী ওয়ার্ডে ভর্তি আছেন।

সদর হাসপাতালে অর্থো কনসালটেন্ট সার্জন ডাঃ মনিরুল ইসলাম বলেন-তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকা পঙ্গুতে রেফার্ড করা হয়েছে। এমতাবস্থায় দিন মজুর শাহিন এর পক্ষে উন্নত চিকিৎসা করা সম্ভব নয়।

দিন মজুর শাহিন তার স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য সমাজের সকল মানবিক, সামাজিক, সাংস্কৃতিক, রাজনৈতিক, জনপ্রতিনিধি ও জাতির বিবেক সাংবাদিকসহ সকল শ্রেণীর মানুষের কাছে মানবিক সাহায্যের আবেদন করেছেন।

যোগাযোগ-
রোগীঃ ফিরোজার ছেলে, মোঃ শামীম মন্ডল
মোবাইল নং- ০১৯৭৪-১৮১১১৮

ব্যাংক- ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক
একাউন্ট নং- ০১৯৭-১২৪-০০০০২১১৯

মুজিবনগর পল্লী প্রাণী চিকিৎসক সমিতির বার্ষিক বনভোজন

মেহেরপুরের মুজিবনগর উপজেলা পল্লী প্রাণী চিকিৎসক সমিতির প্রথম বার্ষিক বনভোজন ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার দুপুর ১২টার দিকে উৎসবমুখর পরিবেশে দামুড়হুদা উপজেলার তালসারি ডিসি ইকোপার্কে উক্ত অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমিতির সভাপতি আব্দুর রশিদের সভাপতিত্বে আলোচনা সভায় সহ-সভাপতি খান জাহান আলী, সাধারণ সম্পাদক সালাউদ্দিন, সদস্য হারুন অর-রশীদ ও আব্দুল মোমিনসহ অন্য সদস্যরাও বক্তব্য রাখেন।

এ সময় সমিতির নির্বাহী সদস্য শামসুজ্জোহা, সালাউদ্দীন, আব্দুস সালাম, একরামুল হক, আব্দুল আজিজ, আব্দুল মজিদসহ সমিতির সকল সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। আলোচনা সভা শেষে মধ্যাহ্ন ভোজের মধ্য দিয়ে বেলা ৩টার দিকে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

কালীগঞ্জ পৌরসভা নির্বাচন: বিএনপির একক প্রার্থী মাহবুবার রহমান

আসন্ন ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর স্থানীয় নেতাদের মতামতের ভিত্তিতে বিএনপির একক দলীয় প্রার্থী হিসেবে সাবেক মেয়র ও কালীগঞ্জ উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ¦ মাহবুবার রহমানের নাম সুপারিশ করে কেন্দ্রে পাঠানো হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যায় বিষয়টি নিশ্চিত করেছেন ঝিনাইদহ জেলা বিএনপির সদস্য সচিব আব্দুল মজিদ। তিনি বলেন, গতকাল সোমবার ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচনের দলীয় প্রার্থী ঠিক করতে জেলা বিএনপি কার্যালয়ে উপজেলা ও পৌর বিএনপির আহবায়ক ও যুগ্ম আহবায়কদের নিয়ে একটি সভা আহবান করা হয়।

সভায় সাবেক মেয়র ও উপজেলা বিএনপির আহবায়ক মাহবুবার রহমান ও মকলেছুর রহমান পিন্টু পৌরসভা নির্বাচনে মেয়র পদে নিজেরা প্রার্থী হওয়ার ইচ্ছা পোষণ করেন। দীর্ঘ আলোচনার পর মকলেছুর রহমান পিন্টু নিজের নাম প্রার্থী হওয়া থেকে প্রত্যাহার করেন। এরপর কালীগঞ্জ পৌরসভা নির্বাচনে মেয়র পদে উপজেলা বিএনপির আহবায়ক আলহাজ্ব মাহবুবার রহমানকে একক প্রার্থী হিসেবে কেন্দ্রে পাঠানো হয়েছে।

এর আগে গত ২৩ ফেব্রুয়ারি শহরের থানা রোডস্থ দলীয় কার্যালয়ে কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির এক বর্ধিত সভায় আলহাজ¦ মাহবুবার রহমানকে একক প্রার্থী হিসেবে নাম ঘোষণা করে জেলা বিএনপির কাছে সুপারিশ করা হয়।

সভায় উপস্থিত ছিলেন একাদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-৪ আসন থেকে বিএনপি মনোনীত প্রার্থী সাইফুল ইসলাম ফিরোজ। সভায় কালীগঞ্জ উপজেলা ও পৌর বিএনপির নেতাকর্মীরাও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আগামী ২৮ ফেব্রুয়ারি, ঝিনাইদহের কালীগঞ্জ পৌরসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

[redacted]

[redacted]

দামুড়হুদায় আধুনিক পদ্ধতিতে ধানের চারা রোপণের উদ্বোধন

দামুড়হুদায় আধুনিক পদ্ধতিতে সমালয় ব্লক প্রদর্শনী বোরো ধানের প্রদর্শনী প্রটের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এই প্রথম দামুড়হুদায় আধুনিক পদ্ধতি ধান চাষ শুরু করা হয়েছে।
গতকাল সোমবার বিকাল ৪টার দিকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে রাইস প্লান্টার মেশিনের মাধ্যমে ধানের চারা রোপণের উদ্বোধন করেন।

এ সময় তিনি বলেন, এ দেশের অর্থনীতি মূলত ধান উৎপাদনের উপর নির্ভরশীল। দেশে ক্রমবর্ধমান জনসংখ্যা বাড়ার সাথে সাথে বৃদ্ধি পাচ্ছে খাদ্য চাহিদা। নতুন নতুন বাড়ী-ঘর, রাস্তা-ঘাট, হাট-বাজার, শিক্ষা ও শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠায় কমছে আবাদি জমির পরিমাণ। চাষাবাদযোগ্য জমির পরিমাণ বৃদ্ধির সুযোগ না থাকায় আধুনিক পদ্ধতিতে ধান চাষাবাদের মাধ্যমে কম খরচে অধিক ফলন বাড়াতে আমাদের উচ্চ ফলন শীল ও আধুনিক পদ্ধতির দিকে এগিয়ে যেতে হবে।

চুয়াডাঙ্গা জেলা কৃষি অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান এর সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কোমার সিংহ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান।

স্বাগত বক্তব্যে কৃষি অফিসার কৃষিবিদ মনিরুজ্জামান বলেন, দিন দিন আবাদি জমির পরিমাণ কমে যাচ্ছে। সেই সঙ্গে কৃষি শ্রমিকের সংখ্যা হ্রাস পাচ্ছে। ফলে কৃষিতে শ্রমিকের মজুরি বেড়ে যাচ্ছে, তাতে করে ধানের উৎপাদন খরচ বেড়ে যাচ্ছে। এই কারণে ধান গবেষণা ইনস্টিটিউটের ফার্ম মেশিনারি অ্যান্ড পোস্টহারভেস্ট টেকনোলজি বিভাগ যান্ত্রিক পদ্ধতিতে ধান চাষাবাদের লক্ষ্যে খামার যন্ত্রপাতি গবেষণা কার্যক্রম বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় বিশেষ কার্যক্রম হাতে নিয়েছে।

ধানের উৎপাদন খরচ কমাতে দেশের ৪৯২ উপজেলার মধ্যে ৬১টি উপজেলায় প্রথমবারের মতো এই পদ্ধতিতে চাষ করা হচ্ছে। এর মধ্যে দামুড়হুদা

উপজেলা সদরের অদূরে হাউলির ১নং সেচ পাম্পো আওতায় মাঠের ১৫০ বিঘা জমিতে হাইব্রিড জাতের এই ধান চাষ করা হবে। এরই মধ্যে তিন ধরনের পদ্ধতিতে বীজতলা ও চারা তৈরির সম্পন্ন হয়েছে। গতকাল থেকে রোপণ কাজ শুরু করা হলো কয়েক দিনের মধ্যে সমস্ত জমিতে রোপণ কাজ সম্পন্ন করা হবে।

এছাড়াও বক্তব্য রাখেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনছুর বাবু, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য আওয়ামী লীগ নেতা শফিউল কবির ইউসুফ, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হযরত আলি, দামুড়হুদা প্রেস ক্লাবের সভাপতি এম নুরুন্নবী, ১নং কৃষক সেচ কমিটির সভাপতি ইসমাইল হোসেন, কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলাম।

অনুষ্ঠান শেষে দেশের সবচেয়ে বড় (৪০) বিঘা জমিতে সফল মাল্টা চাষি শাখাওয়াত হোসেন ও ইটার মৌসুম শেষে ঐ জমিতে ধান চাষের জন্য ইটভাটা মালিক সমিতির সভাপতি টিটু মিয়াকে সম্মনা সরুপ ক্রেস্ট প্রদান করা হয়। বীজ তলা তৈরীতে সহায়তা করার জন্য আব্দুর রশিদ, আমিনুল ইসলাম ও সাইদুর রহমানকে পুরস্কৃত করা হয়। এর আগে অতিথিগণের উপস্থিতিতে রাইস প্লান্টার মেশিনের মাধ্যমে ধানের চারা রোপণের উদ্বোধন করা হয়।

কুষ্টিয়ায় পৃথক স্থানে দু’জনের লাশ উদ্ধার

কুষ্টিয়ায় পৃথক স্থান থেকে প্রতিবন্ধীসহ দু’জনের লাশ উদ্ধার করেছে পুলিশ।

গতকাল সোমবার (২৫ জানুয়ারী) বেলা সাড়ে ১১টার দিকে কুমারখালী উপজেলার বাগুলাট ইউনিয়নের ভড়ুয়াপাড়া মাঠ থেকে আমিরুল ইসলাম সবুর
(৪৩) নামে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করেছে পুলিশ। সে ভড়ুয়াপাড়া গ্রামের মৃত আলিমুদ্দিনের ছেলে।

গত রবিবার রাতে সবুর বাড়ি থেকে বের হয়ে আর ফিরে আসেনি। সকালে

লোকমুখে শুনে ঘটনাস্থলে গিয়ে সবুরের লাশ দেখতে পায় বলে পারিবারিক সূত্র জানায়। নিহত সবুর কৃষি কাজের সাথে জড়িত ছিল বলে জানা গেছে।

অপরদিকে সদর উপজেলার সুগারমিল কোয়ার্টারের পাশে গড়াইখাল থেকে কেরাই পাগল (৬৫) নামে মানষিক প্রতিবন্ধীর মৃতদেহ উদ্ধার হয়েছে। সে মৃত আলাউদ্দিন বিশ্বাসের ছেলে।

কুমারখালী থানার ওসি মজিবুর রহমান জানান, ভড়ুয়াপাড়া মাঠ থেকে আমিরুল ইসলাম সবুর নামে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার করা হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে মর্গে প্রেরণ করা হচ্ছে। ময়নাতদন্তের পর বিস্তারিত জানা যাবে।

মেহেরপুরে গাঁজাসহ নগদ টাকা উদ্ধার

মেহেরপুরে ২৫০’শ গ্রাম গাঁজাসহ নগদ টাকাউদ্ধারকরেছে ডিবি পুলিশ। সোমবার বিকালে ডিবি পুলিশের এস আই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে অভিযান চালিয়ে গাংনী উপজেলার

ভাটপাড়ায় ইমাদুল ইসলাম (৩৫) নামের এক মাদক ব্যবসায়ীর বাড়ি থেকে এই গাঁজা ও ১৫শ ৫০ টাকা জব্দ করা হয়।

এসময় মাদক ব্যবসায়ী ইমাদুল পুলিশের উপস্থিতি টের পেয়ে পালিয়ে যায়। ইমাদুল ভাটপাড়া গ্রামের তাহাজ উদ্দিন এর ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী বিষয়টি নিশ্চিত করে জানান, এস আই অজয় কুমার কুন্ডু ও এএসআই আহসান হাবিব গাংনীর ভাটপাড়া থেকে গাঁজাসহ নগদ টাকা উদ্ধার করা হয়েছে।

পলাতক ইমাদুল ইসলামের গাংনী থানায় আটক ইমাদুল ইসলামের বিরুদ্ধে একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]

[redacted]

[redacted]